

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০৭.১৯. ৫৩

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩


অফিস আদেশ

যেহেতু, জনাব জহিরুল ইসলাম (১৬১৩৪১৩৪০৩৩), প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ এর বিরুদ্ধে তার স্ত্রী কর্তৃক ময়মনসিংহ জেলার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে গত ০৯/০৬/২০২২ তারিখে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত/২০০৩) এর ১১(গ) ধারায় ৩২ নং মামলা দায়েরের পরিপ্রেক্ষিতে আসামী বিজ্ঞ আদালতে স্বেচ্ছায় হাজির হয়ে জামিন মঞ্জুরের জন্য আবেদন করেন এবং বিজ্ঞ আদালত উভয় পক্ষকে শুনানী প্রদান পূর্বক আসামীর জামিন আবেদন না-মঞ্জুর করে আসামীকে জেল হাজতে প্রেরণ করেন।

সেহেতু, জনাব জহিরুল ইসলাম (১৬১৩৪১৩৪০৩৩), প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহকে সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(২) ধারা অনুযায়ী চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

- ২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।
- ৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(সোলেমান খান)
সচিব

নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.০০৭.১৯. ৫৩/২(৭)

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯
১৫ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (জনাব জহিরুল ইসলাম এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে আদেশটি সংরক্ষণের অনুরোধসহ)।
- ২। অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ৭। জনাব জহিরুল ইসলাম (১৬১৩৪১৩৪০৩৩), প্রভাষক (ব্যবস্থাপনা), সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ময়মনসিংহ।


(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব